

প্রতিটি প্রবন্ধ  
হেঁচা মুক্তকণ্ঠে

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH



মহানগর  
উন্নত বাংলাদেশ বিনির্মাণে  
পৃষ্ঠিসমৃদ্ধ জাতি গঠন জরুরি

মহানগর ৪  
শ্রমিকদের আইন সম্পর্কে  
সচেতন করা জরুরি



দেশপ্রাণ ৫  
ইদের কেনাকাটায়  
জেতার ডিড বাড়ছে

বিনোদন  
আমি নিজেই তো আমার  
পরিচয় জানি না: মিথিলা

## শ্রমিকদের আইন সম্পর্কে সচেতন করা জরুরি

বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। আর প্রত্যেক দেশকেই উন্নতি করতে হলে শ্রম তথা শ্রমিক নির্ভর হতে হয়। বর্তমানে দেশের বিভিন্ন শিল্পখাতের সাথে জড়িত রয়েছে অসংখ্য শ্রমিক।

পরিসংখ্যান অনুযায়ী দেখা যায় শুধু সড়ক পরিবহনের সাথে জড়িত প্রায় ৭০ লক্ষ শ্রমিক। কিন্তু বাংলাদেশের এই খাতটিতে রয়েছে কিছু অব্যবস্থাপনা। যার ফলে দৈনন্দিন সড়ক দুর্ঘটনা থেকে শুরু করে এসব শ্রমিকদের অনেককে বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হচ্ছে জীবনযাপনের ক্ষেত্রে।

সড়ক পরিবহনের সাথে জড়িত এই শ্রমিকদের নেই কোন চাকরির নিশ্চয়তা। পাচ্ছে না পর্যাপ্ত বেতন ও সুবিধা। এই তথ্য ও বিষয়গুলো উপস্থাপন করেন প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ের আইন অনুবাদের শিক্ষার্থী ইফতিখার রশীদ মাহি।

অনুষদের ৪৪ তম ব্যাচের এই শিক্ষার্থীর অ্যাসাইনমেন্ট থেকে আরও জানা যায়, দেশের আরেকটি উল্লেখযোগ্য খাত হলো হোটেল-রেস্টুরেন্ট খাত। যে খাতের সাথে জড়িত আছে প্রায় ৩০ লক্ষ শ্রমিকের জীবিকা। তাদের কর্মঘণ্টা মানা হচ্ছে না ৮ ঘণ্টা। বেশির ভাগ হোটেল-রেস্টুরেন্টে শ্রমিকরা কাজ করে ভোর বেলা থেকে শুরু করে রাত অবধি পর্যন্ত। আবার সময়মতো বুঝে পাচ্ছে না তাদের বেতনও। চাকরি নিয়ন্ত্রিত হচ্ছে মালিকের মুখের কথায় এতে লঙ্গন হচ্ছে শ্রম আইন। তাছাড়া একটানা বিশ্রামহীন কাজের ফলে তাদের স্বাস্থ্য ঝুঁকি বৃদ্ধি পাচ্ছে। করোনা মহামারিতে অনেকেই চাকরি হারিয়েছে। ফলে অনেক শ্রমিকই এখন পেশা পরিবর্তনের মাধ্যমেই জীবিকা নির্বাহ করছে। এদের জীবন যাত্রার মানও খুব একটা সন্তোষজনক বলা যায় না। আমাদের উচিত এই শ্রমিকদের আইন সম্পর্কে সচেতন করা, যাতে কোন শ্রমিক তার প্রাপ্য থেকে বঞ্চিত না হয়।

তাছাড়া সরকার এবং শ্রমিক আইন সংশ্লিষ্ট ব্যক্তিদের উচিত আইনের সঠিক ব্যবস্থাপনা নিশ্চিত ও নিয়ন্ত্রণ করা তাহলে এই মানুষগুলো পারবে সঠিকভাবে জীবনযাপন করতে। বিজ্ঞপ্তি

### অ্যাসাইনমেন্ট রিপোর্ট